/

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ, পরিকল্পনা শাখা-৩
www.powerdivision.gov.bd

নথি নং -২৭.০০.০০০০.০৮৩.১৪.০১১.১৬/১১৯ তারিখঃ ১৯ মার্চ ২০১৭

বিষয়ঃ ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের ফেব্রুয়ারি ২০১৭ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

গত ১৯-০২-২০১৭ তারিখে বিদ্যুৎ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত এ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের ফেব্রুয়ারি ২০১৭ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো।

০২। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির পূর্নাঙ্গ প্রতিবেদন আগামী ০৬-০৪-২০১৭ তারিখের মধ্যে এ বিভাগে আবশ্যিকভাবে প্রেরণের জন্য বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল সংস্থা ও কোম্পানি-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

১৯/০৩/১৭
(এস. এম. শফিকুল ইসলাম)
সহকারী প্রধান
ফোন- ৯৫৫৮৮৬৭
planning-3@pd.gov.bd

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা, (দৃঃ আঃ পরিচালক-৫)।
০৩। সচিব, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
০৪। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
০৫। চেয়ারম্যান, আরইবি, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।
০৬। অতিরিক্ত সচিব (উন্নয়ন), বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। প্রধান (কার্যক্রম), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৮। প্রধান (শক্তি), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৯। চেয়ারম্যান, স্রেডা, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
১০। চেয়ারম্যান, বিউবো, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
১১। মহাপরিচালক, পাওয়ার সেল, বিদ্যুৎ ভবন, রমনা ঢাকা।
১২। ব্যবস্থাপনা পরিচালক, পিজিসিবি, ৫ম তলা, আইইবি ভবন (নিউ বিল্ডিং), রমনা, ঢাকা
১৩। ব্যবস্থাপনা পরিচালক, ডেসকো, বনানী, ঢাকা।
১৪। ব্যবস্থাপনা পরিচালক, ওজোপাডিকো, বিদ্যুৎ ভবন, বয়রা, খুলনা।
১৫। ব্যবস্থাপনা পরিচালক, আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোং লিঃ, আশুগঞ্জ, বি-বাড়ীয়া।
১৬। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
১৭। ব্যবস্থাপনা পরিচালক, ইজিসিবি, কাওরান বাজার, ঢাকা।
১৮। ব্যবস্থাপনা পরিচালক, NWPGCL, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
১৯। ব্যবস্থাপনা পরিচালক, কোল পাওয়ার জেনারেশন কোং, ইউনিক হাইটস (লেভেল-১৭), রমনা, ঢাকা।
২০। ব্যবস্থাপনা পরিচালক, আরপিসিএল, উত্তরা মডেল টাউন, ঢাকা।
২১। প্রকল্প পরিচালক, উইন্ড ম্যাপিং রিসোর্স প্রকল্প, বিদ্যুৎ বিভাগ।
২২। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামর, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [কার্যবিবরণীটি এ বিভাগের Website এ সন্নিবেশ করার অনুরোধসহ]।
২৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপিঃ

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ, পরিকল্পনা শাখা-৩

২০১৬-১৭ অর্থ বছরের এডিপি-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের ফেব্রুয়ারি, ২০১৭ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের ফেব্রুয়ারি, ২০১৭ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা ১৪-০৩-২০১৭ তারিখে বিদ্যুৎ বিভাগে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট -'ক' তে দ্রষ্টব্য।

২.০ আলোচনা:

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে বিদ্যুৎ বিভাগের যুগ্ম-প্রধান ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতির বিষয় সভায় উপস্থাপন করেন। সভায় জানানো হয় যে, বর্তমানে বিদ্যুৎ বিভাগ ও এর আওতাধীন বিভিন্ন সংস্থার ৮৫টি প্রকল্প চলমান রয়েছে এবং এসব প্রকল্পের জন্য ২০১৬-১৭ অর্থ বছরে মোট ১৬০৪০.০৮ কোটি টাকা বরাদ্দ রয়েছে। এছাড়া, সংস্থা/কোম্পানিসমূহের নিজস্ব অর্থায়নে ২৯টি প্রকল্প এডিপি-তে অন্তর্ভুক্ত আছে এবং এ জন্য বরাদ্দ রয়েছে মোট ৩০৮৬.৬৩ কোটি টাকা। সব মিলিয়ে ২০১৬-১৭ অর্থ বছরের সর্বমোট এডিপি বরাদ্দ ১৯১২৬.৭১ কোটি (জিওবি ৬৭৪৪.০৮ কোটি, পিএ ৬২৯৬ কোটি, ইসিএ ৩০০০ কোটি এবং নিজস্ব অর্থায়ন ৩০৮৬.৬৩ কোটি) টাকা। বিদ্যুৎ বিভাগের প্রকল্পসমূহের (নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ ব্যতিত) বিপরীতে ফেব্রুয়ারি, ২০১৭ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ৮১০৫.৮৩ কোটি টাকা যা মোট এডিপি বরাদ্দের ৫০.৫৬%। গত বছর একই সময় আর্থিক অগ্রগতি ছিল ৪০.৫১%। অপরদিকে, সংস্থাসমূহের নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন ২৯টি প্রকল্পের জন্য চলতি অর্থ বছরে ৩০৮৬ কোটি টাকা বরাদ্দের বিপরীতে ফেব্রুয়ারি ২০১৭ পর্যন্ত ব্যয় হয়েছে ১৩৩৭.৪৯ কোটি টাকা (৪৩%)। সব মিলিয়ে ১১৪টি প্রকল্পের জন্য মোট এডিপি বরাদ্দের পরিমাণ ১৯,১২৬.৭১ কোটি টাকা এবং ফেব্রুয়ারি ২০১৭ পর্যন্ত ব্যয় হয়েছে ৯৪৪৩.৩২ কোটি টাকা (৪৯.৩৭%)।

২.২ সভায় জানানো হয় যে, চলমান ৮৫টি প্রকল্পের মধ্যে ০% অগ্রগতি সম্পন্ন প্রকল্পের সংখ্যা ২৯টি, এর মধ্যে ১৫টি প্রকল্পের অনুকূলে চলতি অর্থ বছরের এডিপিতে কোন বরাদ্দ প্রদান করা হয়নি। ১৪টি প্রকল্পের বরাদ্দ থাকা সত্বেও কোন ব্যয় হয়নি। ৬০% পর্যন্ত অগ্রগতি সম্পন্ন প্রকল্পের সংখ্যা ৩৪টি এবং ৬০% এর অধিক অগ্রগতি সম্পন্ন প্রকল্পের সংখ্যা ২২টি। সভায় জানানো হয় যে, ২০১৭-১৮ অর্থ বছরের আরএডিপি-তে মোট ১৬২১৭.৮৩ কোটি (জিওবি ৮৮৪৪.০৯ ও প্রকল্প সাহায্য ৭৩৭৩.৭৪ কোটি) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।

২.৩। আলোচনায় অংশ নিয়ে বিদ্যুৎ বিভাগের সচিব জুলাই ২০১৬-ফেব্রুয়ারি ২০১৭ সময়ের এডিপি বাস্তবায়নের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন এবং আরএডিপি বরাদ্দের শতভাগ ব্যয় নিশ্চিতকরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।

২.৪। সভায় নবায়নযোগ্য জ্বালানির মাধ্যমে মনপুরা ও রাঙ্গাবালি উপজেলা-কে বিদ্যুতায়নের কার্যক্রম সম্পর্কে জানাতে চাওয়া হলে স্রেডা'র সাবেক চেয়ারম্যান (চেয়ারম্যান, বিপিইআরসি) সভায় অবহিত করেন যে, মনপুরা উপজেলাকে নবায়নযোগ্য জ্বালানির মাধ্যমে বিদ্যুতায়নের বিষয়ে ইতোমধ্যে IDCOL কর্তৃক সার্ভে হয়েছে এবং রাঙ্গাবালি উপজেলায় সার্ভের কাজ হাতে নেয়া হয়েছে। উক্ত প্রেক্ষিতে বিদ্যুৎ বিভাগের সচিব বলেন যে, IDCOL একটি অর্থায়নকারী প্রতিষ্ঠান। তাদের পক্ষে এ ধরণের বড় কার্যক্রম পরিচালনা সমীচীন হবে না। তাই নবায়নযোগ্য জ্বালানির মাধ্যমে উপজেলা দু'টির বিদ্যুতায়ন কার্যক্রম স্রেডাকে সম্পৃক্ত করে বাপবিবো কর্তৃক বাস্তবায়ন করা যথাযথ হবে। উক্ত বিষয়ে মতামত জানতে চাওয়া হলে পবিবো'র চেয়ারম্যান বলেন যে, বাপবিবো-কে দায়িত্ব দেয়া হলে তাঁরা উপজেলা দু'টিতে নবায়নযোগ্য জ্বালানির মাধ্যমে বিদ্যুতায়নের কার্যক্রম গ্রহণ করবে।

২.৫। কনস্ট্রাকশন অব বিবিয়ানা সাউথ ৪০০ মেঃওঃ গ্যাস ভিত্তিক কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট নির্মাণের বিষয়ে উদ্ভূত সমস্যা সম্পর্কে জানতে চাওয়া হলে বাবিউবো'র চেয়ারম্যান বলেন যে, ০২/০৩/২০১৭ তারিখে EPC ঠিকাদার এবং Owner's Engineer এর সাথে সভা হয়েছে। সভায় EPC ঠিকাদার জানান যে, তারা বর্তমানে অর্থনৈতিক অসুবিধায় আছে এবং অসুবিধাসমূহ আগামী এপ্রিল, ২০১৭ এর মধ্যে সমাধা করে কাজের গতি ত্বরান্বিত করবে। উক্ত প্রেক্ষিতে বিদ্যুৎ বিভাগের সচিব বলেন যে, এপ্রিল, ২০১৭ এর মধ্যে বিষয়টির সুরাহা করতে হবে। তা সম্ভব না হলে ঠিকাদারের কার্যাদেশ বাতিল করে নতুন ঠিকাদার নিয়োগের মাধ্যমে বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের ব্যবস্থা নিতে হবে।

চলমান পাতা-২

২.৫। আলোচনায় অংশ নিয়ে সভাপতি বলেন যে, বরাদ্দ থাকা সত্ত্বেও এ পর্যন্ত ১৪টি প্রকল্পের আর্থিক অগ্রগতি শূণ্য হওয়ার বিষয়টি কোনভাবেই গ্রহণযোগ্য নয়। তিনি প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিত করার জন্য সংস্থা প্রধানকে ব্যক্তিগতভাবে জোর প্রচেষ্টা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। সভাপতি শ্লথ গতিসম্পন্ন প্রকল্পসমূহের প্রকল্প পরিচালকদের তালিকা প্রণয়ন করে ব্যবস্থা নেয়ার জন্যও নির্দেশনা প্রদান করেন।

২.৬। ডেসকো কর্তৃক বাস্তবায়নাধীন কন্সট্রাকশন অব ১৩২/৩৩/১১ কেভি গ্রীড সাব ষ্টেশন প্রকল্পের উপকেন্দ্র নির্মাণের জন্য ডিপিডিসি'র মালিকানাধীন বনানীর ৫ নং রোডের জমি হস্তান্তর বিষয়ে জানতে চাওয়া হলে ডেসকো'র প্রতিনিধি বলেন যে, বনানীর জমিটি এখনো হস্তান্তর না হওয়ায় প্রকল্পের বাস্তবায়ন বাধাগ্রস্থ হচ্ছে এবং এর ফলে এডিপি'র বরাদ্দকৃত অর্থ ব্যয় করা সম্ভব হচ্ছে না। উক্ত প্রেক্ষিতে সভাপতি বনানীর জমিটি ডিপিডিসি কর্তৃক আগামী ১৭ মার্চ ২০১৭ তারিখে ডেসকো'র নিকট হস্তান্তরের নির্দেশনা প্রদান করেন।

৩.০ সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৩.১	বিদ্যুৎ বিভাগ হতে প্রণীত অভিন্ন রেট শিডিউল-২০১৪ হালনাগাদকরণের কাজ সম্পন্ন হওয়ার পূর্ব পর্যন্ত প্রযোজ্য ক্ষেত্রে প্রকল্পসমূহের আওতায় নির্মাণ কাজের ব্যয় প্রাক্কলনের জন্য সংশ্লিষ্ট সংস্থায় কমিটি গঠন করতে হবে। কমিটি কর্তৃক বাজার মূল্য যাচাইপূর্বক কাজের ব্যয় প্রাক্কলন নির্ধারণের পর পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ এর বিধানাবলী অনুসরণপূর্বক ক্রয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।	সকল সংস্থা
৩.১	মনপুরা ও রাঙ্গাবালি উপজেলা দু'টিকে নবায়নযোগ্য জ্বালানির মাধ্যমে বিদ্যুতায়ন কার্যক্রম গ্রহণের লক্ষ্যে বাপবিবো প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। উক্ত কাজে স্রেডাকে সম্পৃক্ত রাখতে হবে। মনপুরা ও রাঙ্গাবালি উপজেলা নবায়নযোগ্য জ্বালানির মাধ্যমে বিদ্যুতায়নের লক্ষ্যে বাপবিবো একটি সমীক্ষা পরিচালনা এবং একটি সমন্বিত কর্মপরিকল্পনা বিদ্যুৎ বিভাগে দাখিল করবে।	বাপবিবো
৩.২	"কনস্ট্রাকশন অব বিবিয়ানা সাউথ ৪০০ মেঃওঃ গ্যাস ভিত্তিক কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট" প্রকল্প বাস্তবায়নে উদ্ভূত সমস্যা সংশ্লিষ্ট ঠিকাদারের সাথে আলোচনাক্রমে ৩০ এপ্রিল ২০১৭ এর মধ্যে সুরাহা করতে হবে। তা সম্ভব না হলে ঠিকাদারের কার্যাদেশ বাতিল করে নতুন ঠিকাদার নিয়োগের মাধ্যমে বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের জরুরি পদক্ষেপ গ্রহণ করতে হবে।	বাবিউবো
৩.৩	ডেসকো কর্তৃক বাস্তবায়নাধীন "কন্সট্রাকশন অব ১৩২/৩৩/১১ কেভি গ্রীড সাব ষ্টেশন ইন ডেসকো এরিয়া" প্রকল্পের উপকেন্দ্র নির্মাণের জন্য ডিপিডিসি'র মালিকাধীন বনানীর ৫ নং রোডের জমিটি ডিপিডিসি কর্তৃক আগামী ১৭ মার্চ ২০১৭ তারিখ শুক্রবার ডেসকো'র নিকট হস্তান্তর করতে হবে। একই সময়ে মাননীয় প্রতিমন্ত্রী কর্তৃক উপকেন্দ্রটির ভিত্তি প্রস্তর স্থাপনের লক্ষ্যে ডেসকো একটি অনুষ্ঠানের আয়োজন করবে।	ডিপিডিসি ও ডেসকো
৩.৪	শ্লথ গতিসম্পন্ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি বিদ্যুৎ বিভাগ থেকে নিয়মিত পরিবীক্ষণ করতে হবে। সংস্থা প্রধানগণ তাঁদের আওতাধীন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিবিড় পরিবীক্ষণ করবে। প্রকল্প বাস্তবায়নে কোন সমস্যার উদ্ভব হলে তা সমাধানের জন্য প্রয়োজনে বিদ্যুৎ বিভাগের সহায়তা নেয়া যাবে।	সকল সংস্থা
৩.৫	যেসব প্রকল্প পরিচালক প্রকল্প বাস্তবায়নে যথেষ্ট উদ্যোগী/ দক্ষ নয় সেসব প্রকল্প পরিচালকদের তালিকা মাননীয় প্রতিমন্ত্রী সমীপে উপস্থাপন করতে হবে।	পরিকল্পনা অনুবিভাগ বিদ্যুৎ বিভাগ
৩.৬	আরএডিপি-তে প্রাপ্ত বরাদ্দের শতভাগ ব্যয় নিশ্চিতকরণের জন্য সংশ্লিষ্ট সংস্থা প্রধান ও প্রকল্প পরিচালকগণ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। তবে কোন প্রকল্পের আরএডিপি বরাদ্দ সম্পূর্ণভাবে ব্যয়ের অনিশ্চয়তা থাকলে উক্ত অর্থ কোনক্রমেই ছাড়/অবমুক্ত করা যাবেনা।	সকল সংস্থা প্রধান ও প্রকল্প পরিচালক

চলমান পাতা-৩

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৩.৭	"বঙ্গভবন, গণভবন এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ে ১১ কেভি সুইচিং স্টেশন নির্মাণ" প্রকল্পের আওতায় সুইচিং স্টেশন ৩টির নির্মাণ কাজ জরুরিভিত্তিতে সম্পন্ন করতে হবে এবং এ জন্য প্রয়োজনীয় জমি সংশ্লিষ্ট সংস্থাসমূহের সাথে যোগাযোগপূর্বক অবিলম্বে বুঝে নিতে হবে। সুইচিং স্টেশন নির্মাণের জমি বুঝে নেয়ার জন্য প্রয়োজনে বিদ্যুৎ বিভাগের সচিব/ মাননীয় প্রতিমন্ত্রীর সহায়তা নিতে হবে।	ডিপিডিসি

৪.০ অন্য কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(নসরুল হামিদ, এমপি)
প্রতিমন্ত্রী